# বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
ঢাকা ।
বাংলাদেশ ব্যাংক ওয়েব সাইট ঃ www.bangladeshbank.org.bd

কার্তিক ২৫, ১৪১৭ বাং
**এফ,ই সার্কুলার নং ২১** তারিখ ঃ ---------------
নভেম্বর ০৯, ২০১০ ইং

বৈদেশিক মুদ্রায় লেনদেনের
সকল অনুমোদিত ডিলার ।

প্রিয় মহোদয়গণ,

**নতুন পণ্য/নতুন বাজার (বস্ত্রখাত) সম্প্রসারণ সহায়তা (New Market Exploration Assistance) প্রদান প্রসংগে ।**

দ্বিতীয় প্রণোদনা প্যাকেজের আওতায় সংশ্লিষ্ট সুবিধা প্রদানের নিমিত্তে জারিকৃত এফই সার্কুলার নং ১২, তারিখ জুন ০৭, ২০১০ এর ১ নং অনুচ্ছেদে বর্ণিত নির্দেশনা নিম্নোক্তভাবে সংশোধন করা হইল ঃ

দ্বিতীয় প্রণোদনা প্যাকেজের আওতায় ইউএসএ, কানাডা ও ইইউ ব্যতিত অন্য যে কোন বাজারে তৈরী পোশাক/বস্ত্র সামগ্রী এবং যে কোন বাজারে বাংলাদেশ টেক্সটাইল মিলস এসোসিয়েশন (বিটিএমএ) এর সদস্য মিলে উৎপাদিত প্রত্যক্ষ সুতা রপ্তানি আয়ের বিপরীতে দ্বিতীয় প্রণোদনা প্যাকেজের আওতায় 'নতুন বাজার সম্প্রসারণ সহায়তা' প্রদেয় হইবে । এই সুবিধা জুলাই ০১, ২০০৯ তারিখ হইতে জুন ৩০, ২০১২ তারিখ পর্যন্ত সময়কালে জাহাজীকৃত পণ্যের ক্ষেত্রে প্রযোজ্য হইবে । সকল ক্ষেত্রে রপ্তানি পণ্যের মূল্য বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসনের পর নীট এফওবি মূল্যের উপর নতুন বাজার সম্প্রসারণ সহায়তা হিসাবায়ন করিতে হইবে । নতুন বাজার প্রতিষ্ঠার জন্য সংশ্লিষ্ট পণ্য রপ্তানির ক্ষেত্রে রপ্তানি মূল্য বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসনের সনদপত্রের ভিত্তিতে বাজার সম্প্রসারণ সহাযতার আবেদনপত্রের বিপরীতে পরিশোধ নিষ্পত্তির কার্যক্রমে অনুমোদিত ডিলারগণের অনুসরণীয় নির্দেশাবলী নিম্নের অনুচ্ছেদসমূহে বর্ণনা করা হইল ঃ-

০২। **বাজার সম্প্রসারণ সহায়তার প্রাপক পক্ষ ও প্রাপ্যতার মাত্রা ঃ**

সংশ্লিষ্ট পণ্য ২০০৯-২০১০ অর্থ বছরের রপ্তানির বিপরীতে এফওবি মূল্যের উপর ৫% (পাঁচ শতাংশ) হারে, ২০১০-২০১১ অর্থ বছরের রপ্তানির বিপরীতে এফওবি মূল্যের উপর ৪% (চার শতাংশ) হারে এবং ২০১১-২০১২ অর্থ বছরের রপ্তানির বিপরীতে এফওবি মূল্যের উপর ২% (দুই শতাংশ) হারে বাজার সম্প্রসারণ সহায়তা প্রদান করা হইবে । নিজস্ব কারখানায় প্রক্রিয়াজাত/উৎপাদিত পণ্য রপ্তানির বিপরীতে উৎপাদনকারী-রপ্তানিকারকগণ বাজার সম্প্রসারণ সহায়তার আওতাভুক্ত হইবে । আলোচ্য এ সুবিধা প্রাপ্তিতে দেশীয় সুতা/কাপড় ব্যবহার বা ডিউটি ড্র-ব্যাক/বন্ডেড ওয়্যার হাউস সুবিধা যুগপৎভাবে গ্রহণ না করার শর্ত প্রযোজ্য হইবে না ।

০৩। **বাজার সম্প্রসারণ সহায়তার আবেদনপত্র দাখিলের শর্তাবলী ঃ**

(ক) রপ্তানিকারকগণ রপ্তানি ডকুমেন্ট নেগোসিয়েশনের পর পরই ডকুমেন্ট নেগোসিয়েশনকারী অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় নির্ধারিত ফরম-ক তে বাজার সম্প্রসারণ সহায়তার জন্য আবেদনপত্র দাখিল করিতে পারিবে, তবে রপ্তানি মূল্য বৈদেশিক মুদ্রায় প্রত্যাবাসনের পরই কেবলমাত্র আলোচ্য সহায়তা পরিশোধ্য হইবে । সকল ক্ষেত্রে রপ্তানিকারকগণকে বাজার সম্প্রসারণ সহায়তার আবেদনপত্র রপ্তানিকারকের ব্যাংকের বিদেশস্থ নষ্ট্রো হিসাবে সংশ্লিষ্ট রপ্তানি বিলের রপ্তানিমূল্য আকলনের (রপ্তানি মূল্য প্রত্যাবাসনের) তারিখের ১৮০ দিনের মধ্যে সংশ্লিষ্ট অনুমোদিত ডিলার ব্যাংক শাখায় দাখিল করিতে হইবে । তবে ২০০৯-১০ অর্থ বৎসর সংশ্লিষ্ট যে সকল পণ্য রপ্তানির বিপরীতে আলোচ্য সুবিধার আবেদনপত্র দাখিলের জন্য ইতিমধ্যে উক্ত ১৮০ দিন অতিবাহিত হইয়াছে সে সকল ক্ষেত্রে এই সার্কুলার জারির তারিখের ৬০ (ষাট) দিনের মধ্যে উক্ত প্রত্যাবাসিত রপ্তানির মূল্যের বিপরীতে বাজার সম্প্রসারণ সহায়তার আবেদনপত্র বিবেচনাযোগ্য হইবে ।

(খ) কেবলমাত্র ব্যাংকের মাধ্যমে স্থাপিত ঋণপত্র কিংবা রপ্তানি চুক্তির আওতায় রপ্তানি পরবতী পর্যায়ে প্রণীত রপ্তানি দলিলের বিপরীতে প্রত্যাবাসিত রপ্তানি আয় কিংবা রপ্তানি পরবতী পর্যায়ে ব্যাংকের মাধ্যমে প্রেরিত ডকুমেন্টারী কালেকশনের মাধ্যমে প্রত্যাবাসিত রপ্তানি আয়ই বাজার সম্প্রসারণ সহায়তার জন্য যোগ্য রপ্তানি আয় হিসাবে বিবেচিত হইবে ।

চলমান পাতা - ০২

